

## শাবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের বার্ষিক ইফতার মাহফিল-২০১৮ অনুষ্ঠিত

গত ২০ মে, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এর অফিসার্স এসোসিয়েশনের আয়োজনে বার্ষিক ইফতার মাহফিল-২০১৮ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে সামনে এগিয়ে নিয়ে যেতে কর্মকর্তাদের ভূমিকা অনস্বীকার্য। আমাদের সকলের ঐক্যবদ্ধ প্রয়াসে এ বিশ্ববিদ্যালয় সামনে আরো এগিয়ে যাবে এবং বাংলাদেশের উন্নয়নে অগ্রনী ভূমিকা পালন করবে।

শাবি অফিসার্স এসোসিয়েশন - এর সভাপতি ড. খন্দকার মো. মমিনুল হকের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক জনাব শাহীন আহমদ চৌধুরী এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস ও রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন হিসাব পরিচালক জনাব আ.ন.ম. জয়নাল আবেদীন, প্রধান প্রকৌশলী সৈয়দ হাবিবুর রহমানসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের অন্যান্য কর্মকর্তা বৃন্দ।

অনুষ্ঠানে মোনাজাত পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের ইমাম মাওলানা মোহাম্মদ মতিউর রহমান।

(ড. খন্দকার মো. মমিনুল হক)  
সভাপতি  
শাবি অফিসার্স এসোসিয়েশন

(শাহীন আহমদ চৌধুরী)  
সাধারণ সম্পাদক  
শাবি অফিসার্স এসোসিয়েশন